# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন সফরে হাঁটা কষ্টকর হবে এবং সফর কষ্টসাধ্য হবে, তখন কী করা মুস্তাহাব সে সম্পর্কে বর্ণনা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَسْتَعْمِلَ فِي سَفَرِهِ إِذَا صَعُبَ عَلَيْهِ الْمَشْيُ وَالْمَشَقَّةُ

আরবী

2695 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ أَبَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ عَنْ جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ عَنْ جَابِرٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ عَامَ الْفَتْحِ إِلَى مَكَّةَ فِي رَمَضَانَ حَتَّى بَلَغَ كُرَاعَ الْغَمِيمِ قَالَ: فَصَامَ النَّاسُ وَهُمْ مُشَاةٌ وركبان فَقِيلَ لَهُ: إِنَّ النَّاسَ قَدْ شَقَّ عَلَيْهِمُ الصَّوْمُ إِنَّمَا يَنْظُرُونَ مَا تَفْعَلُ فَدَعَا بِقَدَحٍ فَرَفَعَهُ إِلَى فِيهِ حَتَّى نَظَرَ النَّاسُ ثُمَّ شَرِبَ فَأَفْطَرَ بَعْضُ النَّاسِ وَصَامَ بَعْضٌ فَقِيلَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ بَعْضَهُمْ صَامَ فَقَالَ: (أُولَئِكَ الْعُصَاةُ) وَاجْتَمَعَ الْمُشَاةُ مِنْ أَصْحَابِهِ فَقَالُوا: نَتَعَرَّضُ لِدَعَوَاتِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ اشْتَدَّ السَّفَرُ وَطَالَتِ الْمَشَقَّةُ فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اسْتَعِينُوا بِالنَّسَلِ فَإِنَّهُ يَقْطَعُ عَلَمَ الْأَرْضِ وتَخِفُّون له) قال: ففعلنا فخففنا له.

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2695 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

২৬৯৫. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের বছরে মক্কা অভিমুখে রমযান মাসে রওয়ানা হন, এমনকি তারা ‘কুরাউল গামীম’ নামক জায়গায় পৌঁছান। সে সময় সাহাবীগণ সিয়ামরত অবস্থায় ছিলেন এবং তাদের কেউ পদব্রজ আবার কেউ বাহনে আরোহী ছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলা হলো, “নিশ্চয়ই লোকদের উপর সিয়াম রাখা কষ্টকর হয়ে গিয়েছে। নিশ্চয়ই তারা দেখছেন যে, আপনি কী করেন। তখন তিনি একটি খাবারের পেয়ালা আনতে বলেন। অতঃপর তা উঁচু করে তাঁর মুখে উঠালেন, যাতে লোকজন তা দেখতে পারে। তারপর তিনি তা পান করেন।

অতঃপর কিছু লোক সিয়াম ভেঙ্গে ফেলেন আর কিছু সাহাবী সিয়াম অব্যাহত রাখেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলা হলো, “কিছু লোক এখনও সিয়ামরত অবস্থায় আছেন।” জবাবে তিনি বলেন, “ওরা নাফরমান!”

পদব্রজ ব্যক্তিগণ একত্রিত হয়ে বললেন, “আমরা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দু‘আর মুখাপেক্ষী এবং আমাদের উপর সফর কষ্টকর ও দীর্ঘ হয়ে গেছে। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বলেন, “তোমরা দ্রুত চলার মাধ্যমে এই কাজে সহযোগিতা গ্রহণ কর। কেননা এটা জমিনের চিহ্নকে শেষ করে দিবে এবং সফরকে সহজ করতে পারবে।”

রাবী বলেন, “অতঃপর আমরা তা-ই করি এবং এভাবে আমরা সফরকে সহজ করি।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৫৩৬; হাকিম: ১/৪৪৩; সুনান বাইহাকী: ৫/২৫৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92025

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন